# বিশেষ অনুশীলন- ২

## নবম শ্রেণি

বিষয় কোড ঃ ১৪৬

## বিষয়ঃ হিসাববিজ্ঞান

**সময় ঃ ১ ঘন্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৫০**

### বহুনির্বাচনি প্রশ্ন: (৩০মিনিট)

১। ব্যবসায়ের সম্পত্তির ওপর মালিক বা মালিকদের দাবিকে কী বলে?
ক) সম্পত্তি খ) দায় গ) মালিকানাস্বত্ব ঘ) ব্যবসায়িক স্বত্বা

২। বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?
ক) হিসাব কালের প্রথম তারিখ
খ) আর্থিক বিবরণী তৈরির পূর্বে
গ) সমন্বয় দাখিলার পর
ঘ) হিসাবকালের শেষ তারিখ

৩। সমাপনি দাখিলা দ্বারা–
i) নামিক হিসাব বন্ধ করা
ii) উত্তোলনকে মূলধনে স্থানান্তর করা হয়
iii) চলতি বছরে হিসাব খোলা হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৪। বাকিতে পণ্য ক্রয় ২,০০০ টাকা সমীকরণে প্রভাব কি?
ক) সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস খ) দায় বৃদ্ধি ও মালিকানাস্বত্ব হ্রাস
গ) সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি ঘ) সম্পদ বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও-**
জনাব জাফর ২,০০,০০০ টাকার পণ্য জনাব মান্নানের নিকট হতে ক্রয় করে নগদে ৪০% এবং ৩০% প্রদেয় বিলে নিষ্পত্তি করেন।

৫। ৮০,০০০ টাকার লেনদেনটি কোন বহিতে লিপিবদ্ধ হবে?
ক) ক্রয় বহি খ) প্রদেয় নোট বহি
গ) প্রাপ্য নোট বহি ঘ) নগদান বহি

৬। আর্থিক অবস্থা নির্ণয়ে লেনদেনটির প্রভাব হলো-
i.দায় বৃদ্ধি
ii. স্বত্বাধিকার হ্রাস
iii. সম্পদ হ্রাস
নিচের কোনটি সঠিক?
নিচের কোনটিসঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। প্রাপ্য কমিশন এর জাবেদা কোনটি?
ক) প্রাপ্য কমিশন হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
খ) নগদান হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
গ) প্রাপ্য হিসাব ডেবিট, পাওনাদার হিসাব ক্রেডিট
ঘ) কমিশন হিসাব ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট

৮। ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় কোনটি?
ক) ক্রয় বাট্টা খ) বিক্রয় বাট্টা
গ) নগদ বাট্টা ঘ) পরিমাণ বাট্টা

৯। সোমা এন্ড কোং-এর বিক্রয় ২,৫০,০০০ টাকা, পুরাতন আসবাবপত্র বিক্রয় ১০,০০০ টাকা, ব্যাংক হতে গৃহীত ঋণ ৭৫,০০০ টাকা, কমিশন প্রাপ্তি ৫,০০০ টাকা, এবং মালিক কর্তৃক প্রদত্ত মূলধন ১,২৫,০০০ টাকা। উক্ত প্রতিষ্ঠানের মূলধন জাতীয় প্রাপ্তি কত?
ক) ২,০০,০০০ টাকা খ) ২,০৫,০০০ টাকা
গ) ২,১০,০০০ টাকা ঘ) ২,৫৫,০০০ টাকা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও-**

| তাং ২০১৪ | বিবরণ | জা. পৃ. | ডে. টাকা | ক্রে. টাকা | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডে. টাকা | ক্রে. টাকা |
| জানু.১ | নগদান হি. | | ৯০,০০০ | | | |
| জানু.১০ | নগদান হি. | | | ৭০,০০০ | ২০,০০০ | |
| জানু.২০ | ক্রয় হি. | | | ৮,০০০ | ? | |

১০। ২০ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা কোনটি?
ক) ক্রয় হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট।
খ) নগদান হিসাব ডেবিট; ক্রয় হিসাব ক্রেডিট।
গ) ব্যাংক হিসাব ডোবট; ক্রয় হিসাব ক্রেডিট।
ঘ) ক্রয় হিসাব ডোবট; ব্যাংক হিসাব ক্রেডিট।

১১। ব্যাংক হিসাবটির সমাপনী জের কত টাকা?
ক) ১২,০০০ খ) ২০,০০০ গ) ২৮,০০০ ঘ) ৭২,০০০

১২। ডেবিট নোটে উল্লেখ থাকে
i) মালের পরিমাণ ii) মালের দর iii) কারবারি বাট্টা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩। প্রাপ্য হিসাবকে নগদ বাট্টা দেয়ার কারণ-
ক) ধারে বিক্রয় বৃদ্ধি জন্য
খ) দ্রুত টাকা পরিশোধে উৎসাহিত করার জন্য
গ) প্রাপ্য হিসাবের সাথে সম্পর্ক বৃদ্ধির জন্য
ঘ) প্রাপ্য হিসাবের স্বার্থ রক্ষার জন্য

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও-**
মি. আলাল ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ২/১০, নিট ৩০ শর্তে ৭৫,০০০ টাকার মাল ধারে ক্রয় করল। ৭ ফেব্রুয়ারি ৫,০০০ টাকার মাল ফেরত প্রদান করল। ৯ ফেব্রুয়ারি অর্থ পরিশোধ করল।

১৪। বাট্টার শর্তাদি কী?
ক) দুই দিনের মধ্যে পরিশোধ করলে ১০% ছাড় পাওয়া যাবে এবং ৩০ দিনের মধ্যে সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে
খ) ১০ দিনের মধ্যে পরিশোধ করলে ২% ছাড়/বাট্টা পাওয়া যাবে অন্যথায় ৩০ দিনের মধ্যে অর্থ পরিশোধ করতে হবে
গ) ৩০ দিনের মধ্যে পরিশোধ করলে ১০% ছাড় পাওয়া যাবে
ঘ) কোনটিই নয়

১৫। বাট্টার পরিমাণ কত টাকা হবে?
ক) ১,৪০০ খ) ১,৫০০ গ) ৭,০০০ ঘ) কোনটিই নয়

১৬। ৯ ফেব্রুয়ারি অর্থ পরিশোধ করলে কত টাকা পরিশোধ করতে হবে?
ক) ৬৩,০০০ টাকা খ) ৭৩,৬০০ টাকা
গ) ৬৮,৬০০ টাকা ঘ) ৭৫,০০০ টাকা

১৭। ডেবিট নোট ব্যবহৃত হয়–
ক) ধারে ক্রয়কৃত পণ্যের ফেরত পাঠানোর ক্ষেত্রে
খ) নগদে ক্রয়কৃত পণ্যের ফেরত পাঠানোর ক্ষেত্রে
গ) ধারে বিক্রয়কৃত পণ্য ফেরত আসার জন্য
ঘ) নগদে বিক্রয়কৃত পণ্য ফেরত আসার জন্য

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও-**

নাভানা ট্রেডার্স ২০০৯ সালে ৫,০০,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করেন। ২০১১ সালে মেশিনটি ঠিকমত কাজ না করাতে ২০,০০০ টাকা ব্যয় করে মেরামত করেন।

১৮। পুরাতন মেশিন মেরামত ব্যয় ২০,০০০ টাকাকে কী বলে?
ক) মূলধন জাতীয় বিনিয়োগ খ) মুনাফা জাতীয় ব্যয়
গ) বিলম্বিত জাতীয় ব্যয় ঘ) মূলধন জাতীয় ব্যয়

১৯। পুরানো মেশিন মেরামত ব্যয়ের সাথে আরও ১,০০,০০০ টাকা যোগ করে মেশিনটিকে নতুন রূপ দেওয়া হলো। এক্ষেত্রে-
i) মেশিনটির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে
ii) মেশিনটির আয়ুষ্কাল বৃদ্ধি পাবে
iii) ১,০০,০০০ টাকা মূলধন জাতীয় ব্যয় হবে
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২০। মালিক কর্তৃক ব্যবসা থেকে পণ্য উত্তোলন করলে কী জাবেদা হবে?
ক) উত্তোলন ডেবিট, বিক্রয় ক্রেডিট
খ) উত্তোলন ডেবিট, ক্রয় ক্রেডিট
গ) উত্তোলন ডেবি,ট নগদান ক্রেডিট
ঘ) উত্তোলন ডেবিট, মূলধন ক্রেডিট

২১। ব্যবসায়ে কোন ধরনের সম্পদের ওপর অবচয় ধার্য করা হয়?
ক) চলতি সম্পদ খ) স্থায়ী সম্পদ
গ) অস্পর্শনীয় সম্পদ ঘ) অলীক সম্পদ

২২। হিসাব চক্রের ৩য় ধাপ কোনটি ?
ক) জাবেদা খ) খতিয়ান গ) রেওয়ামিল ঘ) কার্যপত্র

২৩। নিচের কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?
ক) ঋণ গ্রহণ খ) উপ-ভাড়া
গ) বিক্রয় ঘ) কমিশন প্রাপ্তি

২৪। ক্রয় বই থেকে জানা যায়-
i) মোট ক্রয়ের পরিমাণ
ii) মোট পাওনাদারের পরিমাণ
iii) মোট ধারে ক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) iii ঘ) i, ii ও iii

২৫। কারবারের প্রকৃত আর্থিক অবস্থা জানার জন্য কোন দাখিলার প্রয়োজন হয়?
ক) প্রারম্ভিক দাখিলা খ) সমন্বয় দাখিলা
গ) সমাপনী দাখিলা ঘ) বিপরীত দাখিলা

২৬। রেওয়ামিলে প্রদত্ত ভাড়া ১৮,০০০ টাকা (২/৩ অংশ পরিশোধিত) বকেয়া ভাড়া কত?
ক) ৬,০০০ খ) ৯,০০০ গ) ৮,০০০ ঘ) ১২,০০০

২৭। জাবেদায় লেনদেন লেখা হয়-
i. ডেবিট-ক্রেডিট বিশ্লেষণ করে ii. তারিখ অনুসারে
iii. ব্যাখ্যা সহকারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i,ii ও iii

২৮। কার্যপত্র তৈরির প্রধান উদ্দেশ্য কী?
ক) সমন্বয়গুলোকে নির্ভুলভাবে লিপিবদ্ধ করা
খ) রেওয়ামিলের শুদ্ধতা যাচাই করা
গ) সঠিকভাবে আর্থিক বিবরণী প্রস্তুত করা
ঘ) সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা

২৯। নিট ক্রয়ের ক্ষেত্রে ক্রয় থেকে বাদ দিতে হয়–
i.ক্রয় বাট্টা ii.ক্রয় পরিবহন iii. শুল্ক
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii

৩০। অগ্রিম ও বকেয়াসমূহ লিপিবদ্ধ করতে নিচের কোন দাখিলা দেওয়া হয়?
ক) বিপরীত দাখিলা খ) সমাপনী দাখিলা
গ) সমন্বয় দাখিলা ঘ) প্রারম্ভিক দাখিলা

## সৃজনশীল প্রশ্নঃ (৪৫ মিনিট)

১। জনাব ইমাম একজন কাপড় ব্যবসায়ী। ২০১৯ সালের নভেম্বর মাসে তার প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে ;

| | | |
|---|---|---|
| ২০১৯ | | |
| নভেম্বর | ১ | ১০% বাট্টায় জনাব ইয়ামিনের নিকট হতে ৬০,০০০ টাকার পন্য ক্রয়। চলান নং ৬০। |
| ” | ৯ | নগদে বিক্রয় ৫০,০০০ টাকা। |
| ” | ১৫ | জনাব ইমানকে পরিশোধ করা হলো ১০,০০০ টাকা। |
| ” | ২০ | জনাব শওকতের নিকট হতে ৫% বাট্টায় ৮০,০০০ টাকার পন্য ক্রয়। চলান নং ৬১। |
| ” | ২২ | জনাব শওকতেকে পরিশোধ করা হল ২০,০০০ টাকা। |
| ” | ৩০ | জনাব অর্পনের নিকট হতে ১২% বাট্টায় ১,০০,০০০ টাকার পন্য ক্রয়। চালান নং ৬২। |
| ” | ৩০ | জনাব ইমানকে পরিশোধ করা হল ১০,০০০ টাকা। |

ক) জনাব ইমাম চৌধুরীর ক্রয় বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ) জনাব ইমাম চৌধুরীর ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ) জনাব ইমাম চৌধুরীর ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যাতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

২। ২০১৯ সালের মার্চ মাসে মি. মনির নিম্নলিখিত ঘটনাগুলো ঘটেছে ;

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | মূলধন বাবদ নগদ ১,০০,০০০ টাকা আনল। |
| ” | ৪ | সাত্তার এন্ড কোং কে ৩০,০০০ টাকা পন্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হল। |
| ” | ৮ | প্লাবনের কাছ থেকে ধারে পন্য ক্রয় করা হল ২৫,০০০ টাকা। |
| ” | ১০ | মাসিক ৪,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ করা হল। |
| ” | ১৪ | সাকিরের থেকে ৩৫,০০০ টাকার পন্য ধারে বিক্রয় করা হল। |
| ” | ২০ | নগদে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা। |
| ” | ২৬ | নগদে পন্য বিক্রয় ২৫,০০০ টাকা। |

ক) জনাব মনির স্বত্বাধিকারের পরিমাণ কত? ২

খ) ১- ২৬ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ) সংশ্লিষ্ট লেনদেনগুলোর মধ্যে হতে মুনাফা জাতীয় আয় - ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪